# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৩৯৩৬

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - কাফির রাষ্ট্রপ্রধানদের নিকট পত্র প্রেরণ ও ইসলামের প্রতি আহবান

### আরবী

عَن أبي وائلٍ قَالَ: كَتَبَ خَالِدُ بْنُ الْوَلِيدِ إِلَى أَهْلِ فَارِسَ: بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ مِنْ خَالِدِ بْنِ الْوَلِيدِ إِلَى رُسْتَمَ وَمِهْرَانَ فِي مَلَأِ فَارِسَ. سَلَامٌ عَلَى مَنِ اتَّبَعَ الْهُدَى. أَمَّا بَعْدُ فَإِنَّا نَدْعُوكُمْ إِلَى الْإِسْلَامِ فَإِنْ أَبَيْتُمْ فَأَعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَأَنْتُمْ صَاغِرُونَ فَإِنْ أَبَيْتُمْ فَإِنَّ مَعِيَ قَوْمًا يُحِبُّونَ الْقَتْلَ فِي سَبِيلِ اللَّهِ كَمَا يُحِبُّ فَارِسُ الْخَمْرَ وَالسَّلَامُ عَلَى مَنِ اتَّبَعَ الْهُدَى. رَوَاهُ فِي شَرْحِ السّنة 0

### বাংলা

৩৯৩৬-[১১] আবূ ওয়ায়িল হতে বর্ণিত। তিনি বলেন, মুসলিম সেনাপতি খালিদ ইবনুল ওয়ালীদ (রাঃ)-এর পক্ষ হতে এক যুদ্ধাভিযানে পারস্যবাসীদের (ইরানীদের) নিকট পত্র লিখে পাঠালেন- বিসমিল্লা-হির রহমা-নির রহীম, মুসলিম সেনাপতি রুস্তাম ও মিহরান-এর প্রতি। সত্য সঠিক পথের অনুসরণকারীদের প্রতি সালাম। অতঃপর জেনে রাখ! আমরা তোমাদেরকে ইসলামের প্রতি আহবান করছি। যদি তোমরা অস্বীকার কর, তাহলে নতি স্বীকার করে স্বহস্তে জিয্ইয়াহ্ আদায় কর। আর যদি তা আদায় করতেও অস্বীকার কর, তবে জেনে রেখ! আমার সঙ্গে এমন এক সৈন্যবাহিনী রয়েছে, যারা আল্লাহর পথে নির্দ্বিধায় জীবন দানকে তেমনি ভালোবাসে যেমনি পারস্যবাসী মদ্যপানকে ভালোবেসে থাকে। সত্য সরল অনুসারীদের প্রতি শান্তি বর্ষিত হোক। (শারহুস্ সুন্নাহ্)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : শারহুস্ সুন্নাহ্ ২৬৬৮, ইবনু আবী শায়বাহ্ ৩৩৭৩৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلٰى رُسْتَمَ وَمِهْرَانَ فِىْ مَلَأِ فَارِس) পারস্যের নেতৃবৃন্দের মধ্যে হতে রুস্তম ও মিহরানের প্রতি مَلَأِ এমন মর্যাদাপূর্ণ ও নেতৃস্থানীয় লোকেদের বলা হয় যাদের কথামত সমাজের লোকজন উঠে বসে।

(فَإِنْ أَبَيْتُمْ فَإِنَّ مَعِيَ قَوْمًا يُحِبُّونَ الْقَتْلَ) (فِي سَبِيلِ اللّٰهِ كَمَا يُحِبُّ) (فَارِسُ) (الْخَمْرَ) তোমরা যদি ইসলাম গ্রহণ অথবা জিয্ইয়াহ্ প্রদান করতে অস্বীকার কর তাহলে জেনে রাখ যে, আমার সাথে এমন একদল লোক রয়েছে যারা মৃত্যুকে তেমন ভালোবাসে পারসস্যের লোকেরা যে রকম মদ ভালোবাসে। অর্থাৎ পানীয় হিসেবে মদ বিস্বাদ হলেও তা পান করার পর যে মজা পায় সে কারণে মদ্যপ-মদ ভালোবাসে, তেমনিভাবে নিহত হওয়া যদিও বাহ্যিক দৃষ্টিতে অপছন্দনীয় ও কষ্টকর তথাপি মু’মিনগণ নিহত হতে ভালোবাসে এজন্য যে, যুদ্ধের ময়দানে প্রাণ দেয়া সাময়িকভাবে কষ্টকর কিন্তু এর পরিণাম অত্যন্ত সুস্বাদু এবং স্থায়ী। আল্লামা ত্বীবী বলেনঃ তোমরা যুদ্ধের জন্য প্রস্তুত হও, এ কথা না বলো, আমার সাথে এমন একদল লোক রয়েছে যারা মৃত্যুকে ভালোবাসে এ কথা বলার অর্থ হলো আমার সঙ্গীগণ সাহসী বীর, তারা যুদ্ধে পারঙ্গম মৃত্যুকে তারা পরোয়া করে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ ওয়াইল (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69263

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন